ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র


০১। শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র -------------০৩

০২। উপক্রমণিকা-----------------------------------------------------------০৪

০৩। সেকশন-১ : শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি---------------০৫

০৪। সেকশন-২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কাযক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ-------------------------------------------০৬-০৯

## শরীয়তপুর পবিস এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Shariatpur PBS)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

শরীয়তপুর জেলার জাজিরা, নড়িয়া, ডামুড্যা, ভেদরগঞ্জ ও গোসাইরহাট উপজেলা এবং পালং উপজেলার (আংশিক) সমন্বয়ে ১১৮১.৫৩ বর্গকিঃমিঃ এলাকা নিয়ে শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে শরীয়তপুর পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে মার্চ'২০১৭ খ্রিঃ পর্যন্ত ৩০৯৯.২৩৪ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। মার্চ'২০১৭ খ্রিঃ পর্যন্ত ১৫৮৪৭৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০৪টি উপকেন্দ্রের মধ্যে ০১ টি ১৫এমভিএ উপকেন্দ্র, ও ০৩ টি ১০ এমভিএ উপকেন্দ্র এবং সম্প্রতি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ইউআরইডিএস প্রকল্পের আওতায় জাজিরা উপজেলার পদ্মা সেতু নির্মান প্রকল্প এলাকায় আরও ০১ টি ৩৩/১১ কেভি ১০এমভিএ একটি উপকেন্দ্র নির্মাণ সম্পন্ন হয়েছে। মাদারীপুর গ্রীড হতে অত্র পবিসের একমাত্র ৩৩ কেভি ফিডারের ওভারলোড সমস্যা নিরসনের লক্ষ্যে সমিতির নিজ ঠিকাদারের মাধ্যমে ডাবল সার্কিট লাইন নির্মাণ কাজ চলমান। ফলে অত্র পবিসে সিস্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়নের সম্ভাবনা রয়েছে। গত অর্থ বছরে বকেয়া মাস ১.০৮ অর্জন করা হয়েছে। আগামী ডিসেম্বর'১৭ নাগাদ ২ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৫৮ মেগাওয়াট হওয়ার কারনে অত্র পবিসের একমাত্র ৩৩ কেভি লাইন ওভারলোড অবস্থায় রয়েছে। ওভারলোড সমস্যা নিরসনের জন্য শরীয়তপুর গ্রীড হতে ১২ কিঃমিঃ ডাবল সার্কিট এবং ১৪ কিঃমিঃ নতুন লাইন নির্মানের কাজ চলমান রয়েছে যা চলতি জুন/২০১৭ ইং মাসের মধ্যে সমাপ্ত হবে। যা নির্মান সম্পন্ন হলে চলতি গ্রীষ্মে জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। তাছাড়া অত্র সমিতির ৩০৯৯.২৩৪ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-পালাবেষ্টিত গ্রামীণ এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অসচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ লাইন দ্রুত ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

- **ভবিষ্যৎ পরিকল্পনা :**

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে শরীয়তপুর পবিস-এর আওতাধীন পালং ও নড়িয়া উপজেলায় আগামী ডিসেম্বর/২০১৭ খ্রিঃ এবং বাকি উপজেলা সমূহে ডিসেম্বর/২০১৮ খ্রিঃ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহকগণের চাহিদা পূরনের লক্ষ্যে পালং, গোসাইরহাট, ভেদরগঞ্জ উপজেলায় ইউআরইডিএস প্রকল্পের আওতায় ০৪ টি ১০ এমভিএ উপকেন্দ্র নির্মান কাজ চলমান আছে। সেই সাথে ১.৫ মিলিয়ন প্রকল্পের আওতায় জাজিরা উপজেলায় আরও ০১টি নতুন ১০ এমভিএ উপকেন্দ্র নির্মাণ করা হবে। ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে পালং উপজেলায় পিজিসিবি কর্তৃক একটি গ্রীড স্থাপনের কাজ চলমান আছে যা আগামী ডিসেম্বর/২০১৮ খ্রিঃ মাসের মধ্যে চালু করা হবে। গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও বিদ্যুতায়নের পর উক্ত গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণের মাধ্যমে অত্র সমিতির সিস্টেম লস ১০% এর মধ্যে আনয়ন সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ অর্জনের পদক্ষেপ গ্রহণ করা হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। অত্র পবিসের আওতাধীন ২ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
০২। ০৩ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।
০৪। বকেয়া মাস ১.০৫ অর্জন করা।
০৫। ০১ টি ১০ এমভিএ উপকেন্দ্রকে ১৫ এমভিএতে উন্নীতকরন।

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে *শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি* কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের ..........জুন.......... মাসের ..........১৫.......... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

## শরীয়তপুর পবিস-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision): শরীয়তপুর পবিস-এর আওতাধীন সকল জনগনকে গুনগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।
০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
০৫। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Functions):

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ
০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা।
০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথসমূহ মুক্তকরণ।
০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

শরীয়তপুর পবিস

| কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| পবিসের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | |
| 1. System Loss (Grid Meter) [ % ] (w/o resale) (LB) | % | ২৮ | ১৫.৫৬% | ১৬.২৭% | ১৩.০০% | | | | |
| 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) (LB) | Month | ১৪ | ১.০৮ | ১.৪৬ | ১.১০ | | | | |
| 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resal | % | ১ | ৯৮.৯৮% | ৯০.৭১% | ৯৯.০০% | | | | |
| 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৩.৬৪% | ৭৫.৯৫% | ৮৬.১৫% | | | | |
| 5. Recovery of amounts written off (HB) | % | ১ | ৯.৮৪% | ০.০০% | ৫.০০% | | | | |
| 6. Payment of debt service liability (Tk' 000) (HB) | Tk | ৭ | ৫১,০৮০ | ১৭,৫০০ | ৭০,০০০ | | | | |
| 7. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) (LB) | Tk | ২ | ১.৪৯ | ১.৫৫ | ১.৫০ | | | | |
| 8. Rev. / KM of Line w/o resale (TK)' 000 (HB) | Tk | ১ | ২৪৬ | ১৩৬ | ২৭৫ | | | | |
| 9.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) (HB) | % | ১ | ২৫.২৫% | ৮.৭৩% | ২৫.০০% | | | | |
| 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) (LB) | % | ১ | ৯.৩৯% | ৩.১৭% | ৪.০০% | | | | |
| 11.Percentage of Damaged Transformer repaired (HB) | % | ১ | ৯৫% | ৫৪% | ১০০% | | | | |
| 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) (LB) | % | ২ | ২.৩৬% | ৬.১৭% | ৩.০০% | | | | |

| কার্যসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কার্যসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ত | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| 13. Store Management Performance: (HB) | | | | | | | | | |
| a. Physical Inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৮৪% | ৮০% | ৮০% | | | | |
| 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC): (HB) | % | ২ | ২৩% | ৮% | ১০০% | | | | |
| 15 Improvement of Power Factor : (HB) | | ১ | ০.৯৪ | ০.৯২ | ০.৯২ | | | | |
| 16. Action on Meter Report: (HB) | % | ১ | ১০০% | ৪১২ | ১০০% | | | | |
| 17. Average Training hour per Employee (Hours): (HB) | Hour | ২ | ৪৭ | ৪২ | ৭৫ | | | | |
| 18. Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet): (HB) | % | ১ | ১৪৩% | ১০০% | ১০০% | | | | |
| 19. Timeliness to attend Consumer's complain : (HB) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | |
| 20. System Average Interruption Duration Index (SAIDI) 16/08/2017: (LB) | Minute | ২ | ১১০৬ | ৪২৩ | ১৫০০ | | | | |
| 21. System Average Interruption Frequency Index (SAIFI): (LB) | Times | ২ | ৭.৭২ | ৩ | ৭৮ | | | | |
| 22.% of overloaded Transformer: (LB) | % | ২ | ১০০% | ১৯% | ২.০০% | | | | |
| 23.% of New Connected Consumers: (HB) | % | ৩ | ৯২% | ৫৮% | ১০০% | | | | |
| 24.Accounts Payable :(LB) | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | |
| | মোট= | ৮০ | | | | | | | |

*সাময়িক (Provisional) তথ্য।

## সেকশন-২(খ)

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮ (Target- 2017-18) | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | |
| [১] দপ্তর/সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২১ জানুয়ারী |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| [২] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ১৫ মার্চ | |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(এসআইপি) | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ০৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ৩১ জানুয়ারী |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ। | পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল,ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room)এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান-২০১৭-১৮ Target- 2017-18) | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| [৫] তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদ | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | তারিখ | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| ঘ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ এর কর্মসম্পাদন মান= | | | | | ২০ | | | | | |
| ঙ) মোট বার্ষিক কর্ম সম্পাদন মান (ক+ঘ)= | | | | | ১০০ | | | | | |

আমি, সভাপতি, শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি, সচিব,বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সভাপতি,শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

সাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

15.6.17

..........................................

জেনারেল ম্যানেজার
শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

১৫/৬/১৭

..........................................সভাপতি

সভাপতি সমিতি বোর্ড, শপবিস।
শরীয়তপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

..........................................

পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন (দঃ অঃ)
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।
(মোঃ ওমর ফারুক ভূঁইয়া)
পরিচালক
পবিস ব্যঃ পঃ পরিচালন (দঃ)

..........................................

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড।